



# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

Bangladesh Power Development Board

www.bpdb.gov.bd

কর্মচারী পরিদপ্তর, ওয়াপদা ভবন (৫ম তলা)

মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০

ফোনঃ ০২-২২৩৩৫৪৬১৮

নম্বর- ২৭.১১.০০০০.২১০.১১.৭৯৭.১৯-৩৩৪

তারিখ: ১১ আশ্বিন ১৪৩১  
২৬ সেপ্টেম্বর ২০২৪

**অতি জরুরী/শেষ তাগিদপত্র**  
**ইমেইল/হোয়াটস অ্যাপের মাধ্যমে প্রেরিত**

**বর্তমান ঠিকানাঃ**

Shumaiya Ferdoush  
(Assistant Engineer of BPDB)  
PhD in Mechanical Engineering  
Purdue University, USA.  
Sevis ID: N0031116713  
E-mail:ferdoush@purdue.edu

**স্থায়ী ঠিকানাঃ**

জনাব সুমাইয়া ফেরদৌস  
(সহকারী প্রকৌশলী)  
পিতা- মোঃ গোলাম রেজা,  
গ্রাম: বালাপাড়া, ডাকঘর: বাবুখা  
থানা: রংপুর সদর, জেলা-রংপুর।

**বিষয়ঃ** বিউবো'র চাকুরী হতে ইস্তফা প্রদান সংক্রান্ত।

সূত্র : ১। অত্র দপ্তরের স্মারক নং- ২৭.১১.০০০০.২১০.১১.৯৯৭.১৯-২৩৮, তারিখ: ০৬-০৬-২০২৪।

২। সম্পত্তি ও যানবাহন পরিদপ্তরের স্মারক নং-২৭.১১.০০০০.২১৪.১৪.০০১.১৮-৮৪৫, তারিখ: ১৪-০৭-২০২৪।


৩। অত্র দপ্তরের স্মারক নং- ২৭.১১.০০০০.২১০.১১.৯৯৭.১৯-২৮১, তারিখ: ১৬-০৭-২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহ-৩ নং স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার ০৭-০৫-২০২৪ইং তারিখে পেশকৃত ইস্তফাপত্রের পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত ইতোপূর্বে আপনার অনুকূলে প্রেরিত পত্রে চাকুরী হতে অব্যাহতির জন্য প্রয়োজনীয় তথ্যাদি/রেকর্ডপত্রাদি অত্র দপ্তরে দাখিল করার তাগিদপত্র প্রদান করা হয়। তন্মধ্যে, যেসকল প্রয়োজনীয় তথ্যাদি/রেকর্ডপত্রাদি এখনও অত্র দপ্তরে গৃহীত হয়নি তা নিম্নরূপঃ

- (১) ৩ মাসের আগাম নোটিশ প্রদানের সত্যায়িত অনুলিপি ;
- (২) ৩ মাসের আগাম নোটিশের পরিবর্তে সর্বশেষ প্রাপ্ত ৩ মাসের মূলবেতনের সমগরিমান অর্থ বোর্ডের নির্ধারিত খাতে জমাদানের প্রমানপত্র (মানি রিসিট) এর সত্যায়িত অনুলিপি ;
- (৩) স্থানীয় দপ্তর প্রধান ও আঞ্চলিক হিসাব দপ্তরের না-দাবী সংক্রান্ত ছাড়পত্র ;
- (৪) এলপিসি/ইএলপিসি;
- (৫) হিসাব পরিদপ্তর, বিউবো, ঢাকা দপ্তর হতে জমিক্রয় আগাম ও গৃহ নির্মাণ ঋণ গ্রহণ রয়েছে কি-না তার না-দাবী/ছাড়পত্র।
- (৬) সম্পত্তি ও যানবাহন পরিদপ্তরের না-দাবী সংক্রান্ত ছাড়পত্র (আপনার অনুকূলে বরাদ্দকৃত বাসা নির্বাহী প্রকৌশলী, পূর্ত নির্মাণ-২, বিউবো, ঢাকা'কে বুঝিয়ে দেওয়ার/ আবাসন সংক্রান্ত না-দাবী ছাড়পত্র)।

বোর্ডের ১২/১০/১৯৯৮ইং তারিখের সার্কুলার মোতাবেক উল্লিখিত কাগজপত্রাদি ব্যতিরেকে পদত্যাগপত্র বিবেচনা করা যাবে না এবং উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্তফাপত্র গ্রহণ না করা পর্যন্ত আপনি বোর্ডের চাকুরী পরিত্যাগ করতে বা অন্য কোন প্রতিষ্ঠানে যোগদান করতে পারবেন না।

বর্ণিতাবস্থায়, এই পত্র জারীর তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে উল্লিখিত তথ্যাদি নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মাধ্যমে অত্র পরিদপ্তরে দাখিল করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো। অন্যথায়, আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
(মোঃ বনি আমিন)  
পরিচিতি নং-২-০২২৯  
উপ-পরিচালক-১

কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা  
ফোনঃ ০২-২২৩৩৫৪৬১৮


email: bonyamin34@yahoo.com

নম্বর- ২৭.১১.০০০০.২১০.১১.৭৯৭.১৯-৩৩৪

তারিখ: ১১ আশ্বিন ১৪৩১  
২৬ সেপ্টেম্বর ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। প্রধান প্রকৌশলী, প্রাইভেট জেনারেশন (আইপিপি/পিপি), বিউবো, ঢাকা।
- ২। পরিচালক, আইপিপি সেল-১, বিউবো, ঢাকা। সংশ্লিষ্ট কর্মকর্তার কাছে বোর্ডের কোন দেনা-পাওনা আছে কি-না সে সংক্রান্ত না-দাবী পত্র এবং এলপিসি প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৩। পরিচালক, সম্পত্তি ও যানবাহন/তদন্ত ও শৃংখলা পরিদপ্তর/প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন পরিদপ্তর, বিউবো, ঢাকা।
- ৪। পরিচালক, হিসাব পরিদপ্তর, বিউবো, ঢাকা। সংশ্লিষ্ট কর্মকর্তার নামে জমিক্রয় আগাম ও গৃহ নির্মাণ ঋণ গ্রহণ রয়েছে কি-না তা জানানোর জন্য অনুরোধ করা হলো।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ঢাকা কম্পিউটার কেন্দ্র, বিউবো, ঢাকা। [বিউবো'র ওয়েবসাইটে নোটিশ প্রকাশের অনুরোধসহ]
- ৬। সহকারী পরিচালক-৯, কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা।

  
(মোঃ আব্দুর রাজ্জাক)  
পরিচিতি নং-২-০৩৪৫  
সহকারী পরিচালক-২  
কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা